

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

স্মারক নং-৪১৮৩

জে,

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
৬ মে, ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: Criminal Rules and Orders (Practice and Procedure of Subordinate Courts), 2009 (vol.I & II) এর প্রয়োজনীয় সংশোধনের নিমিত্ত অধস্তন আদালতে কর্মরত বিচারকবৃন্দের মতামত গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় গত ২২.১২.২০২৪ খ্রি. তারিখের আদেশে Criminal Rules and Orders (Practice and Procedure of Subordinate Courts), 2009 (vol.I & II) এর যুগোপযোগী প্রয়োজনীয় সংশোধনের নিমিত্ত মাননীয় প্রধান বিচারপতি মহোদয় সমীপে সুপারিশ পেশ করার জন্য নিম্নোক্ত জাজেস কমিটি গঠন করেছেন:

- ১। মাননীয় বিচারপতি মোঃ আতোয়ার রহমান, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা-আহ্লায়ক;
- ২। মাননীয় বিচারপতি মোহাম্মদ আলী, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা- সদস্য;
- ৩। মাননীয় বিচারপতি মোঃ আতাবুল্লাহ, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা-সদস্য।

উক্ত জাজেস কমিটি বর্ণিত সুপারিশ প্রণয়নের উদ্দেশ্যে দেশের ৬৪ জেলার জেলা ও দায়রা জজ এবং মহানগর এলাকার মহানগর দায়রা জজ কর্তৃক জেলায়/মহানগরে কর্মরত সকল পর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তাগণের সাথে আলোচনা/মতবিনিময়পূর্বক Criminal Rules and Orders (Practice and Procedure of Subordinate Courts), 2009 (vol.I & II)-এর যুগোপযোগী প্রয়োজনীয় সংশোধন বিষয়ে মতামত প্রদানের জন্য সিদ্ধান্ত গ্রহণ করে।

এমতাবস্থায়, দেশের ৬৪ জেলার জেলা ও দায়রা জজ এবং মহানগর এলাকার মহানগর দায়রা জজ কর্তৃক জেলায়/মহানগরে কর্মরত সকল পর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তাগণের সাথে আলোচনা/মতবিনিময়পূর্বক Criminal Rules and Orders (Practice and Procedure of Subordinate Courts), 2009 (vol.I & II) যুগোপযোগী প্রয়োজনীয় সংশোধনের মতামত সংযুক্ত তালিকা অনুযায়ী লিখিত আকারে আগামী ২২.০৫.২০২৫ খ্রি. তারিখের অফিস সময়ের মধ্যে বাংলাদেশ সুপ্রীম কোর্টের রেজিস্ট্রার জেনারেল এর দপ্তরে বা সফটকপি (aticklaw@gmail.com) ই-মেইলে বা (whatsapp নম্বর-০১৭১৬-১৮৫৫৮৩)-এ প্রেরণ করার জন্য নির্দেশক্রমে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।

মাননীয় প্রধান বিচারপতির সানুগ্রহ আদেশক্রমে

স্বাক্ষরিত

(ড. আজিজ আহমদ ভূঞা)

রেজিস্ট্রার জেনারেল

ফোন: ০২-২২৩৩৮২৭৮৫

ইমেইল: rg@supremecourt.gov.bd

স্মারক নং-৪১৮৩ (১-৭)

জে,

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
৬ মে, ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ,----- (সকল)।
- ৩। মহানগর দায়রা জজ,----- (সকল)।
- ৪। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৫। মাননীয় প্রধান বিচারপতির সচিব, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। অফিস কপি।

(ড. মোঃ আতিকুস সামাদি)

ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)

ফোন: +৮৮০২২২৩৩৮১৮৬৫

Proposed Amendments of Criminal Rules and Orders, 2009

Example

SL No.	Existing Rule of CRRO	Reasons of Amendment	Recommendation	Comment (if any)
1.	2	The word 'Shishu Adalat' is not included	'Shishu Adalat' may be added after sub-rule 2(i)	

Dr. Md. Atickus Samad
06.05.2025
Deputy Registrar
(Joint District & Sessions Judge)
Supreme Court of Bangladesh
High Court Division Dhaka